১৩৮

দৈনিক সংবাদ

তারিখ 13 DEC 1995
পৃষ্ঠা ১ কলাম ৩

# আরও ৪টি কলেজ বিশ্ববিদ্যালয় করা হবে ঃ কমিটির রিপোর্ট মিলবে জানুয়ারি মাসে

॥ রাশেদ আহমেদ ॥

সরকারি জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় ঘোষণা করা হলেও অপর ৪টি বিশ্ববিদ্যালয় কলেজের ব্যাপারে সরকার এখনো কোন সিদ্ধান্ত নেয়নি।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের তত্ত্বাবধানে আরও ৪টি বিশ্ববিদ্যালয় কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপ দেয়া যায় কিনা এ বিষয়ে রিপোর্ট দেয়ার জন্যে যে তদন্ত টিম গঠন করা হয়েছে সেই তদন্ত টিম এখনো পর্যন্ত তাদের রিপোর্ট দেয়নি।

ইডেন মহিলা কলেজ, কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ, বরিশাল বিএম কলেজ ও রংপুর কারমাইকেল কলেজের জন্যে গঠিত তদন্ত টিম ইডেন কলেজ ও ভিক্টোরিয়া কলেজের পর্যবেক্ষণ ও সমীক্ষা শেষ করলেও বাকি ২টির সমীক্ষা শেষ করতে না পারায় তারা রিপোর্ট দিতে পারেনি বলে জানা গেছে।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন সূত্র জানায়, আগামী জানুয়ারি মাসে তারা এই ৪টি কলেজের ব্যাপারে রিপোর্ট দিতে পারবেন। ঐ রিপোর্ট পাওয়ার পর সরকার ঐ কলেজগুলো পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় করার ব্যাপারে সিদ্ধান্ত নেবে বলে শিক্ষা মন্ত্রণালয় থেকে জানানো হয়েছে।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গত ২রা নভেম্বর সরকারি জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজকে মৌখিকভাবে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় হিসেবে ঘোষণা দিয়েছেন। প্রধানমন্ত্রী তার একক সিদ্ধান্তে এই ঘোষণা দেন বলে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন থেকে জানানো হয়।

রিপোর্ট ঃ পৃঃ ৮ কঃ ৮

## রিপোর্ট ঃ জানুয়ারিতে মিলবে

( ১ম পৃষ্ঠার পর )

শিক্ষা মন্ত্রণালয়ের এক সূত্র জানায়, প্রধানমন্ত্রীর ঘোষণার পর জগন্নাথ বিশ্ববিদ্যালয় গঠনের কোন পরিকল্পনা এখনো পর্যন্ত প্রণয়ন করা হয়নি। জগন্নাথ কলেজকে কি ধরনের বিশ্ববিদ্যালয় করা হবে এবং আর কি কি বিষয় সংযোজন করতে হবে ডিগ্রি প্রদানের ক্ষমতা কতটুকু থাকবে তা নিয়ে মন্ত্রণালয়ের কর্মকর্তারা এখনো চিন্তাভাবনা করছেন। তবে মন্ত্রণালয় এব্যাপারে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে একটি প্রাথমিক পরিকল্পনা দেয়ার জন্যে নির্দেশ প্রদান করেছে বলে মন্ত্রণালয় সূত্র জানায়।

গত ১৩ই অক্টোবর জগন্নাথ কলেজের শিক্ষকমন্ডলী প্রধানমন্ত্রীর সাথে দেখা করে বিশ্ববিদ্যালয় ঘোষণার আবেদন জানালে তিনি ২রা নভেম্বর আনুষ্ঠানিকভাবে বিশ্ববিদ্যালয় ঘোষণা দেন। বর্তমানে জগন্নাথ কলেজে ৩৫ হাজার ছাত্রছাত্রী রয়েছে। কলেজটিতে ১৭টি বিষয়ে অনার্স এবং ২০টি বিষয়ে মাষ্টার্স কোর্স চালু আছে।